



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৯ জুলাই, ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৯ জুলাই, ২০১৮ তারিখ সকাল ১১ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ মিনি অডিটোরিয়ামে সমাজকর্ম বিভাগের আয়োজনে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় উপাচার্য ও সমাজকর্ম বিভাগের প্রতিষ্ঠাতা বিভাগীয় প্রধান প্রফেসর এম. হাবিবুর রহমান-এর ১২তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে এক স্মরণ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন বলেন, প্রফেসর এম. হাবিবুর রহমান আদর্শ শিক্ষক, ভালো গবেষক, দূরদর্শী প্রশাসক ছিলেন। বিশ্ববিদ্যালয়ের অগ্রযাত্রায় তাঁর অবদান সব সময় স্মরণীয় হয়ে থাকবে।

সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. ফয়সল আহমেদের সভাপতিত্বে স্মরণসভায় প্রফেসর এম. হাবিবুর রহমান-এর জীবন ও কর্ম শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন সহযোগী অধ্যাপক মো. আবুল কাসেম।

এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন লাইফ সাইয়েন্সেস-এর ডিন প্রফেসর ড. মো. সামসুল হক প্রধান, স্মরণ সভার সমন্বয়ক সমাজকর্ম বিভাগের প্রফেসর ড. তুলসী কুমার দাস, ইংরেজী বিভাগের প্রফেসর ড. হিমাদ্রি শেখর রয়, সমাজকর্ম বিভাগের প্রফেসর আমিনা পারভীন, প্রফেসর মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন, সহকারী অধ্যাপক আলী ওয়াক্কাস, সহকারী অধ্যাপক প্রিয়াঙ্কা ভট্টচার্ণি এবং ছাত্রদের মধ্য থেকে আলী আহসান সামিয়ান ও শেফা তালুকদার শিমু।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সমাজকর্ম বিভাগের ছাত্রী ফাহিমদা খান উর্মি।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার